

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৬০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪০. যার নিকট নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে একটি হাদিস পৌঁছল কিন্তু সে এর সম্মান ও মর্যাদা দিল না, সে ব্যক্তির উপর দ্রুত শাস্তি (আপত্তি) হওয়া প্রসঙ্গে

**بَابُ تَعْجِيلِ عُقُوبَةِ مَنْ بَلَغَهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدِيثٌ فَلَمْ يُعَظِّمْهُ وَلَمْ يُوَقِّرْهُ**

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةُ، حَدَّثَنَا أَبُو الْأَوْزَاعِيُّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ حَرْمَلَةَ، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى سَعِيدِ بْنِ الْمُسَيْبِ يُوَدِّعُهُ بِحَجَّ أَوْ عُمْرَةٍ فَقَالَ لَهُ: لَا تَبْرَحْ حَتَّى تُصَلِّيَ، فَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَخْرُجُ بَعْدَ النِّدَاءِ مِنَ الْمَسْجِدِ إِلَّا، مُنَافِقٌ، إِلَّا رَجُلٌ أَخْرَجَتْهُ حَاجَةٌ، وَهُوَ يُرِيدُ الرَّجْعَةَ إِلَى الْمَسْجِدِ» فَقَالَ: إِنَّ أَصْحَابِي بِالْحَرَّةِ قَالَ: فَخَرَجَ، قَالَ: فَلَمْ يَزِلْ سَعِيدٌ يَوْلُعُ بِذِكْرِهِ، حَتَّى أَخْبَرَ أَنَّهُ وَقَعَ مِنْ رَاحِلَتِهِ فَانْكَسَرَتْ فَخِذُهُ

إسناده حسن

বাংলা

৪৬০. আব্দুর রহমান ইবনু হারামালাহ বলেন: সাইদ ইবনুল মুসায়িবের নিকট এক ব্যক্তি হজ্জ কিংবা উমরার জন্য বিদায়ী শুভেচ্ছা জানাতে আসলেন। তখন তিনি লোকটিকে বললেন: সালাত আদায় না করে বের হয়োনা। কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আয়ন হয়ে যাওয়ার পরে একমাত্র মুনাফিক ব্যক্তিত আর কেউ মসজিদ থেকে বের হয়ে যায় না। তবে যে লোকের কোনো প্রয়োজন তাকে বের করে আর সে আবার মসজিদে ফিরে আসার নিয়ত রাখে, তাহলে তার কথা ভিন্ন।” তখন লোকটি বললো: আমার সাথীরা হাররাহ নামক স্থানে রয়েছে। তিনি (বর্ণনাকারী) বলেন, (একথা বলে) সে বের হয়ে গেলো। সাইদ সর্বদা এ ঘটনাটি বর্ণনা করতে আগ্রহ বোধ করতেন। তারপর আমি তাকে এ সংবাদ দিলাম যে, লোকটি তার বাহন থেকে পড়ে গিয়েছিলো এবং এতে তার উরুর হাড় ভেঙ্গে গিয়েছিলো। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান। আগের টীকাটি দেখুন।

তাখরীজ: বাহাইকী, ৩/৫৬-৫৭; আব্দুর রায়যাক, নং ১৯৪৫; আবু দাউদ, মারাসীল নং ২৫; (ইবনু উয়াইনাহও এটি বর্ণনা করেছেন)।

আর এটি মারফু' হিসেবে আমরা পূর্ণাঙ্গ তাখরীজ করেছি, মাজমাউয যাওয়াইদ নং ১৯৪৮ এ। (আবু হুরাইরা হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন তাবারানী, আল আউসাত, যেমন এসেছে মাজমাউল বাহরাইন ২/২২ এ। আর মাজমা'তে হাইছামী বলেছেন: এর বর্ণনাকারীগণ সহীহ হাদীসের বর্ণনাকারী।-ফাতভুল মান্নান, ৩/২১৮ নং ৪৬৯ এর টীকা দ্রঃ)

হাদীসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69771>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন